ধর্ষণ ও নারী নির্যাতনের প্রতিবাদে পাবনায় ছাত্রলীগের মোমবাতি প্রজ্জ্বলন

শহর প্রতিনিধি: সারাদেশব্যাপী ধর্ষণ ও নারী নির্যাতন ঘটনার তীব্র প্রতিবাদ, নারীর প্রতি সহিংসতা বন্ধে এবং এ সকল ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেপ্তার ও বিচারের দাবিতে কেন্দ্রীয় ছাত্রলীগের নির্দেশনা অনুযায়ী মোমবাতি জ্বালিয়ে প্রতিবাদ সমাবেশ করেছে পাবনা জেলা ছাত্রলীগ।

বুধবার (০৭ অক্টোবর) সন্ধ্যায় সরকারী শহীদ বুলবুল কলেজ এর সম্মুখে আয়োজিত সমাবেশে জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ দেশের এ চলমান ধর্ষণ মহামারিতে গভীর উদ্বেগ প্রকাশ করেন।

জেলা ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি ফিরোজ আলীর সভাতিত্বে ও যুগ্ম সাধারণ সম্পাদক সজল পারভেজ’র পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন, যুগ্ম সাধারণ সম্পাদক আফজাল হোসেন অনিক, সাংগঠনিক সম্পাদক রাকিব বিশ্বাস, সানাউল্লাহ সানি, উপ প্রচার সাব্বির আহমেদ, অর্থ সম্পাদক ডিজিটাল শামীম প্রমূখ।

এসময় ধর্ম বিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান মুরাদ, উপ-ধর্ম বিষয়ক সম্পাদক অনিক সাহা, উপ-নাট্য বিষয়ক সম্পাদক সুমন হোসেন, উপ-মানব সম্পাদক মং মং উ মারমা, সদস্য ইউসুফ আলী রাসেল, ইমরান হোসেন, পাবনা সদর উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি দেলোয়ার হোসেন রাফা, শাহ আলম, যুগ্ম সাধারণ সম্পাদক সাব্বির আহমেদ জয়, সরকারী শহীদ বুলবুল কলেজ শাখা ছাত্রলীগের সহ-সভাপতি রাজীব হোসেন, দপ্তর সম্পাদক সুমন হোসেন, স্কুল বিষয়ক সম্পাদক শিহাব হোসেন শুভ, মুত্তাকী, মুন্না, পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক রাইসুল ইসলাম পাভেল, পাবনা পৌর ছাত্রলীগের

ওলি, মুগ্ধ বিশ্বাস, হেমাতপুর ইউনিয়ন ৩ নং ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি নিরব হাসান শান্তসহ বিভিন্ন ইউনিট ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ধর্ষণের প্রতিবাদে সুজানগর উপজেলা ছাত্রলীগের আলোক প্রজ্জ্বলন

সারাদেশে সংঘটিত ধর্ষণ ও নির্যাতনের প্রতিবাদ জানিয়ে নারীর প্রতি সহিংসতা বন্ধে এবং এর সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেফতার ও বিচারের দাবিতে আলোক প্রজ্জ্বলন করেছে পাবনার সুজানগর উপজেলা ছাত্রলীগ।

বুধবার (৭ অক্টোবর) সুজানগর উপজেলা আওয়ামী লীগ কার্যালয়ে সামনে সন্ধ্যায় এ কর্মসূচি পালন করা হয়।

এতে উপস্থিত ছিলেন- সুজানগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান শাহিনুজ্জামান শাহিন, উপজেলা যুবলীগের সভাপতি সরদার রাজু আহমেদ, উপজেলা ছাত্রলীগের সভাপতি জাহিদুল ইসলাম তমাল, সুজানগর পৌর ছাত্রলীগের সভাপতি এসএম সোহাগসহ ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

জাহিদুল ইসলাম তমাল বলেন, ধর্ষকরা সমাজের সবচেয়ে নিকৃষ্টতম প্রাণী। তাদের কোনো দল নেই। ধর্ষক যে কেউই হোক না কেন তাকে বিচারের আওতায় আনতে হবে।

তিনি বলেন, আমাদের কেন্দ্র থেকে নির্দেশ দিয়েছে যেখানে ধর্ষক, ইভটিজার দেখা যাবে, সেখানে তাদেরকে ধরে আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দিতে।

তিনি আরও বলেন, সুজানগর উপজেলা ছাত্রলীগ সব সময় মা বোনদের পাশে থাকবে। উপজেলার কোথাও কোনো হেনস্তার শিকার হলে, ধর্ষণের শিকার হলে, ছাত্রলীগের নেতাকর্মীদের জানানোর অনুরোধ জানান তিনি।

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড এবং দ্রুত বিচার সম্পূর্ণ করার দাবিও জানান।